



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে অনুষ্ঠিত হয়েছে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা। বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “জাতীয় শুদ্ধাচার কৌশল” বিষয়ের উপর এ কর্মশালার আয়োজন করা হয়। ১৭ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০.৩০ টায় কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সচিব ড. ফেরদৌস জামান। তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে প্রশিক্ষণ পরিচালনা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পাবলিক বিশ্ববিদ্যালয় বিভাগের উপ-পরিচালক গোলাম দস্তগীর। আইকিউএসির পরিচালক (ভারপ্রাপ্ত) ড. তাজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার বিষয়ক কমিটির সদস্যবৃন্দ, অফিস প্রধান, ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ শুদ্ধাচার বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়